গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৫৬.১৬.০০১.২১. ৪২

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ / ০৯ অক্টোবর ২০২৪

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কোটায় বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র : স্মারক নম্বর ৪১.০০.০০০০.০২৩.৯৯.০০২.২২ (অংশ-১).৪৬৪ তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১/০৯ সেপ্টেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচিতে বিশেষ ভাতা উপকারভোগীর সংখ্যা ৫৩৪ জন বৃদ্ধি করে ৫০৬৬ জন থেকে ৫৬০০ জনে উন্নীত করা হয়েছে; জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। উক্ত কর্মসূচির শিক্ষা উপবৃত্তি উপকারভোগীর সংখ্যা ৪০০ জন বৃদ্ধি করে ৩৯৯৮ থেকে ৪৩৯৮ জনে উন্নীত করা হয়েছে; শ্রেণীভিত্তিক উপবৃত্তির হার (ক) প্রাথমিক স্তর মাসিক ৭০০/- (খ) মাধ্যমিক স্তর মাসিক: ৮০০/- (গ) উচ্চ মাধ্যমিক স্তর মাসিক: ১০০০/ (ঘ) উচ্চতর স্তর মাসিক: ১২০০/- টাকা অপরিবর্তিত রাখা হয়েছে।

২। অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচিতে বিশেষ ভাতা উপকারভোগীর সংখ্যা ৫৭০০ জন বৃদ্ধি করে ৫৪৩০০ জন থেকে ৬০০০০ জনে উন্নীত করা হয়েছে; জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। উক্ত কর্মসূচির শিক্ষা উপবৃত্তি উপকারভোগীর সংখ্যা ২৬২৯ জন বৃদ্ধি করে ২৬২৮৩ থেকে ২৮৯১২ জনে উন্নীত করা হয়েছে; শ্রেণীভিত্তিক উপবৃত্তির হার (ক) প্রাথমিক স্তর মাসিক ৭০০/- (খ) মাধ্যমিক স্তর মাসিক: ৮০০/- (গ) উচ্চ মাধ্যমিক স্তর মাসিক: ১০০০/ (ঘ) উচ্চতর স্তর মাসিক: ১২০০/- টাকা অপরিবর্তিত রাখা হয়েছে।

৩। হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচিতে বিশেষ ভাতা উপকারভোগীর সংখ্যা ৬৬০৯ জন বৃদ্ধি করে ৫৬২০জন থেকে ১২২২৯ জনে উন্নীত করা হয়েছে; জনপ্রতি মাসিক ভাতার হার ৬০০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। উক্ত কর্মসূচির শিক্ষা উপবৃত্তি উপকারভোগীর সংখ্যা ১০০ জন বৃদ্ধি করে ৩০০ থেকে ৪০০ জনে উন্নীত করা হয়েছে; শ্রেণীভিত্তিক উপবৃত্তির হার (ক) প্রাথমিক স্তর মাসিক ৭০০/- (খ) মাধ্যমিক স্তর মাসিক: ৮০০/- (গ) উচ্চ মাধ্যমিক স্তর মাসিক: ১০০০/ (ঘ) উচ্চতর স্তর মাসিক: ১২০০/- টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদপ্তরের web based management information system (MIS) এর মাধ্যমে আবেদন গ্রহণ করতে হবে।

৪। যেহেতু নির্বাচন কমিশনের NID থেকে Data Sharing করার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) এর নিকট Pending Issue টি যাচাই সম্পন্ন হতে ৩-৬ মাস সময় প্রয়োজন হবে বিধায় বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির উল্লিখিত গুরুত্বপূর্ণ ভাতা বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় আপাতত জাতীয় পরিচয়পত্র যাচাই ব্যতিরেকে (NID যাচাইসেবা চালু হওয়ার পর পরবর্তীতে যাচাই করা হবে এই শর্তে) অনলাইনে আবেদন গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫। ১৫-১০-২০২৪ তারখে হতে ১৪-১১-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/onlineApplication লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য কোন সরকারি সুবিধা নিয়মিত গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল করা হবে।

৬। অনলাইন আবেদনে নগদ/বিকাশ ইউনিটের আওতাধীন আবেদনকারীদের অবশ্যই সক্রিয় নগদ/বিকাশ হিসাব নম্বর (মোবাইল নম্বর) প্রদান করতে হবে। এজেন্ট ব্যাংকিং এর আওতাধীন আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের হিসাব পূর্বের ন্যায় কেন্দ্রীয়ভাবে খোলা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৪ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। বিদ্যমান নীতিমালা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৭। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৯.১০.২০২৪
(মোঃ মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৫৫০০৭০৩২

বিভাগীয় পরিচালক (সকল)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর /খুলনা/সিলেট/ /বরিশাল।

**অনুলিপি- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।
৩. জেলা প্রশাসক (সকল) ..............................।
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক (গবেষণা, প্রকাশনা ও মূল্যায়ণ), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল) .......................।
১০. উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয় ..........................।
১১. সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয় ..............................।

Scanned with CamScanner